

INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2021 Let The Youth Lead



ভিডিও বার্তা প্রতিযোগিতার নির্দেশিকা

কিশোর-কিশোরী এবং তরুণদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে পুষ্টি সমৃদ্ধ সমাজ গঠনে সম্মিলিত উদ্যোগের বার্ষিক জাতীয় অনুষ্ঠান হলো নিউট্রিশন অলিম্পিয়াড। BIID Foundation বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সহযোগিতায় যৌথ ভাবে ২০১৭ সাল থেকে এই অনুষ্ঠানের আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় এবং আন্তর্জাতিক লক্ষ্য সমূহ অর্জনে তরুণদের নেতৃত্বে নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ২১ ডিসেম্বর, ২০২১ “আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১” আয়োজন করা হবে। নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনকে সমগ্র বিশ্বে ছড়িয়ে দিতে এবং কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণকে উৎসাহিত করার জন্য ২০২১ সাল থেকে আন্তর্জাতিক পর্যায়ে নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রতিবারের মতো এবারো নিউট্রিশন অলিম্পিয়াডে বিভিন্ন প্রতিযোগিতা ও কার্যক্রম এর আয়োজন করা হয়েছে।

এ বছর আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড এ ভিডিও বার্তা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ১০-২৪ বছর বয়সীদের আহ্বান করা হচ্ছে। ভিডিও বার্তা প্রতিযোগিতার নিয়মাবলী নীচে দেয়া হলোঃ

বয়স ভিত্তিক গ্রুপ:

ক	খ
১০-১৮	১৯-২৪

বিষয়বস্তু:

ক গ্রুপ: “নিজ বাড়িতে কিভাবে খাদ্য অপচয় রোধ করবে”?

খ গ্রুপ: “খাদ্যের অপচয় রোধে তরুণদের ভূমিকা”।

প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশনা:

যোগ্যতাঃ নিউট্রিশন ক্লাব সদস্য, শিক্ষার্থী এবং নির্ধারিত বয়সসীমার সকল কিশোর-কিশোরী, তরুণ-তরুণী যারা আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর ওয়েবসাইট এর মাধ্যমে রেজিস্ট্রেশন করবে তারা সবাই অংশগ্রহণ করতে পারবেন।



রেজিস্ট্রেশন: আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ ওয়েবসাইট এর মাধ্যমে প্রত্যেক অংশগ্রহণকারীকে রেজিস্ট্রেশন এর সময় প্রতিযোগিতার বিষয় “ভিডিও বার্তা প্রতিযোগিতা” নির্বাচন করতে হবে।

ভিডিওর দৈর্ঘ্য: সর্বোচ্চ ২ মিনিট।

ভাষা: বাংলা অথবা ইংরেজি।

ফরমেট: MP4 (মোবাইল ফোন উপযোগী)।

ভিডিওর কাঠামোঃ

সময়	বিষয়বস্তু
১০ সেকেন্ড	আপনার (নাম, বয়সের গ্রুপ এবং এলাকা) পরিচয় দিন
২০ সেকেন্ড	মৌলিক প্রশ্ন সম্পর্কে ছোট্ট একটি ব্যাখ্যা
১.৩০ মিনিট	সাক্ষাৎকার বক্তব্য

স্কোরিং:

ক্রমিক নং	বিষয়বস্তু	নম্বর
১.	মূল বিষয় উপস্থাপনা	৪০
২.	ভাষার স্পষ্টতা	২০
৩.	ভিডিওর কাঠামো	৩০
৪.	নিয়মাবলী অনুসরণ	১০

কিছু সাধারণ / মৌলিক মানদণ্ড, নির্দেশনা এবং প্রশ্ন উল্লেখ করা হলঃ

- ভৌগলিক অবস্থানঃ শহরাঞ্চল, গ্রাম, দুর্গম অঞ্চল।
- সম্মতি পত্রঃ যার ভিডিও করা হবে পূর্বেই তার সম্মতি নিয়ে নিতে হবে।

সাক্ষাৎকারের জন্য কিছু মৌলিক প্রশ্নঃ

১. আপনার নাম কি? আপনার বয়স কত? আপনি কোথায় থাকেন/বাস করেন? আপনার গ্রামের নাম কি?

২. আপনার পেশা কি?

৩. আপনি কি আপনার সুস্বাস্থ্যের কারণ আমাদের জানাবেন?

- যে খাদ্যটি আপনি গ্রহণ করেন এবং রান্নার ধরণ (প্রধান খাবার এবং পানীয়, লবন, চিনি এবং স্নেহ), দিনে কতবার গ্রহণ করেন, কোন স্থানীয় ঔষধি লতাপাতা / গাছ, মসলা এবং বিশেষ খাদ্য গ্রহণের অভ্যাস।
- শারীরিক পরিশ্রম (হাঁটা, ব্যায়াম, মাঠ পর্যায়ে কাজ)।
- আপনার বাসস্থানের পারিপার্শ্বিক অবস্থা (সবুজ, নির্মল) বিশুদ্ধ বাতাস, নদী, প্রাকৃতিক দৃশ্য -----)।
- পরিষ্কার পরিচ্ছন্নতা (বসতবাড়ী এবং এর চারপাশের স্বাস্থ্যকর এবং পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা)।
- ব্যক্তিগত অভ্যাস (ঘুম, পান/তামাক, ধূমপান -----)।
- স্বাস্থ্য সচেতনতা (স্বাস্থ্য পরীক্ষা)।



ভিডিও বার্তা তৈরীর নির্দেশনাঃ

- অংশগ্রহণকারী নিজের অথবা অন্য কারো ভিডিও বার্তা প্রতিযোগিতার বিষয়বস্তুর উপর তৈরি করে জমা দিবে।
- ভিডিওটি শুরু হবে সাক্ষাৎকার প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, বয়স, পেশা দিয়ে। (সাক্ষাৎকারের পূর্বেই এগুলো উল্লেখ করতে অনুরোধ জানাবেন)।
- উপরের সব প্রশ্নের জবাবের শেষে সাক্ষাৎকার প্রদানকারী ব্যক্তিকে ১.৩০ মিনিটের মধ্যে “নিজ বাড়িতে কিভাবে খাদ্য অপচয় রোধ করবে?” / “খাদ্যের অপচয় রোধে তরুণদের ভূমিকা” সম্পর্কে সংক্ষেপে বলার জন্য অনুরোধ জানাবেন। শেষের এই বক্তব্যের উপর ভিডিওটি করবেন।

সময়সীমা: ১০/১২/ ২০২১ (রাত ১১.৩০ মিনিট)। ভিডিও অবশ্যই এই সময়ের এর মধ্যে Google Form এ সাবমিট করতে হবে।

ভিডিও জমা দেওয়ার ঠিকানাঃ

নিজের নাম, গ্রুপ, অর্ডার নাম্বার দিয়ে ফাইলটি অবশ্যই Rename করে সাবমিট করতে হবে। সাবমিট

লিংক: <https://forms.gle/kC5eEKbpaoBVMf267>

আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ ওয়েবসাইটে রেজিস্ট্রেশন করার সময় অর্ডার নাম্বারটি তৈরি হবে।

যোগাযোগ:

ভিডিও মেসেজ কম্পিটিশন বিষয়ে যেকোন প্রশ্ন থাকলে যোগাযোগ করুন, সানজিদা শবনম এর সাথে ফোন:+৮৮০১৬৩৮০২৫৫২৭, অথবা ই-মেইল: sanjidasneem395@gmail.com, অথবা ই-মেইল: ino@biid.org.bd, ফোন:+৮৮০১৭৮২৫১০০৮৯.

বিশেষ দ্রষ্টব্য:

- যেকোনো ধরনের অসদুপায় অবলম্বনকারীর আবেদন বাতিল হয়ে যাবে।
- বিচারকগণের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গৃহীত হবে।

অন্যান্য:

- নির্বাচিত ভিডিও গুলো আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াডের দিন প্রদর্শন করা হবে এবং অলিম্পিয়াড পরবর্তী সময়ে BIID Foundation এর সামাজিক যোগাযোগ মাধ্যমে দেখানো হবে।
- নির্বাচিত ভিডিও সমূহ BIID Foundation এর ওয়েবসাইটে আপলোড করা হবে।
- ২টি গ্রুপ থেকে সর্বোচ্চ স্কোরধারীকে আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী ঘোষণা করা হবে।

একজন অংশগ্রহণকারী/একটি দল সর্বোচ্চ তিনটি প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।

